রেজিস্টার্ড নং ডি এ-১

# বাংলাদেশ গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

রবিবার, জুন ২৩, ২০২৪

## বাংলাদেশ জাতীয় সংসদ

ঢাকা, ০৯ আষাঢ়, ১৪৩১/২৩ জুন, ২০২৪

সংসদ কর্তৃক গৃহীত নিম্নলিখিত আইনটি ০৯ আষাঢ়, ১৪৩১ মোতাবেক ২৩ জুন, ২০২৪ তারিখে রাষ্ট্রপতির সম্মতিলাভ করিয়াছে এবং এতদ্বারা এই আইনটি সর্বসাধারণের অবগতির জন্য প্রকাশ করা যাইতেছে :—

## ২০২৪ সনের ০৪ নং আইন

## ২০২৪ সনের ৩০ জুন তারিখে সমাপ্য অর্থবৎসরের কার্যাদি নির্বাহের জন্য সংযুক্ত তহবিল হইতে মঞ্জুরিকৃত অর্থের অধিক অর্থ প্রদান ও নির্দিষ্টকরণের কর্তৃত্ব প্রদানের উদ্দেশ্যে প্রণীত আইন

যেহেতু ২০২৪ সনের ৩০ জুন তারিখে সমাপ্য অর্থবৎসরের কার্যাদি নির্বাহের জন্য সংযুক্ত তহবিল হইতে মঞ্জুরিকৃত অর্থের অধিক অর্থ প্রদান ও নির্দিষ্টকরণের কর্তৃত্ব প্রদান করা সমীচীন ও প্রয়োজনীয়;

সেহেতু এতদ্দ্বারা নিম্নরূপ আইন করা হইল :—

১। **সংক্ষিপ্ত শিরোনাম**।—এই আইন নির্দিষ্টকরণ (সম্পূরক) আইন, ২০২৪ নামে অভিহিত হইবে।

২। **২০২৩-২০২৪ অর্থবৎসরের জন্য সংযুক্ত তহবিল হইতে ৩৭৮১৭,৪০,৫৭,০০০ (সাঁইত্রিশ হাজার আটশত সতেরো কোটি চল্লিশ লক্ষ সাতান্ন হাজার) টাকা প্রদান**।—২০২৪ সনের ৩০ জুন তারিখে সমাপ্য অর্থবৎসরে যেই সকল ব্যয় উক্ত বৎসরের অর্থ পরিশোধের আওতাধীন হইতে পারে সেই সকল ব্যয় নির্বাহের জন্য এই আইনের তফসিলের কলাম ২ এ বর্ণিত কার্যাদির বিপরীতে কলাম ৫ এ উল্লিখিত ৩৭৮১৭,৪০,৫৭,০০০ **(সাঁইত্রিশ হাজার আটশত সতেরো কোটি চল্লিশ লক্ষ সাতান্ন হাজার)** টাকার অনধিক পরিমাণ অর্থ সংযুক্ত তহবিল হইতে প্রদেয় ও ব্যয়যোগ্য হইবে।


মূল্য : টাকা ৪.০০

৩। **নির্দিষ্টকরণ।**—এই আইন দ্বারা সংযুক্ত তহবিল হইতে প্রদান করিবার ও ব্যয় নির্বাহের জন্য অনুমোদিত অর্থ ২০২৪ সনের ৩০ জুন তারিখে সমাপ্য অর্থবৎসরে এই আইনের তফসিলের কলাম ২ এ বর্ণিত কার্যের জন্য উহার বিপরীতে কলাম ৫ এ উল্লিখিত পরিমাণের অনধিক অর্থ নির্দিষ্ট করা হইল।

**তফসিল**

(ধারা ২ ও ৩ দ্রষ্টব্য)

(অংকসমূহ হাজার টাকায়)

| মঞ্জুরি নং | কার্য ও উদ্দেশ্যসমূহ | অনধিক টাকা | | |
|---|---|---|---|---|
| | হিসাবের প্রধান খাতসমূহ | সংযুক্ত তহবিলের উপর দায় | সংসদ কর্তৃক ভোটে গৃহীত | মোট |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
| ০৪ | নির্বাচন কমিশন সচিবালয় | ২০৪৪,১০,৭৬ | ৩১৮,৪৬,০০ | ২৩৬২,৫৬,৭৬ |
| ০৫ | জনপ্রশাসন মন্ত্রণালয় | ০ | ৫৯২,৪৯,৫৬ | ৫৯২,৪৯,৫৬ |
| ০৬ | বাংলাদেশ সরকারি কর্ম কমিশন | -৩৬৫,৭০ | ১৪,১৬,০০ | ১০,৫০,৩০ |
| | বাংলাদেশের মহা হিসাব-নিরীক্ষক ও নিয়ন্ত্রকের কার্যালয় | ৮,৪৪,৯১ | ০ | ৮,৪৪,৯১ |
| ০৯ | আর্থিক প্রতিষ্ঠান বিভাগ | ০ | ৪৯৫,৫২,২৯ | ৪৯৫,৫২,২৯ |
| ১০ | অর্থনৈতিক সম্পর্ক বিভাগ | ৫১২৩,৯৮,৯৩ | -১৪৪,২৩ | ৫১২২,৫৪,৭০ |
| ১১ | পরিকল্পনা বিভাগ | ০ | ১২৬৪৯,৩৩,৬৮ | ১২৬৪৯,৩৩,৬৮ |
| ১২ | বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ | ০ | ৬৭,৯৪,৮৫ | ৬৭,৯৪,৮৫ |
| ১৩ | পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ | ০ | ১৫২,৬৯,৪০ | ১৫২,৬৯,৪০ |
| ২৫ | তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ | ০ | ১৪,২৬,৬০ | ১৪,২৬,৬০ |
| ২৮ | শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয় | ০ | ২৬,৪৬,৯২ | ২৬,৪৬,৯২ |
| ৩০ | তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয় | ০ | ১৭,৫২,৩৫ | ১৭,৫২,৩৫ |
| ৩১ | সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয় | ০ | ৬৫,৩১,৫৬ | ৬৫,৩১,৫৬ |
| ৩২ | ধর্ম বিষয়ক মন্ত্রণালয় | ০ | ৬১,৮১,৮৫ | ৬১,৮১,৮৫ |
| ৩৩ | যুব ও ক্রীড়া মন্ত্রণালয় | ০ | ২১৩,৪৮,৬৬ | ২১৩,৪৮,৬৬ |
| ৩৪ | স্থানীয় সরকার বিভাগ | ১,০০,০০ | ২১৩৮,১২,৮২ | ২১৩৯,১২,৮২ |
| ৩৯ | জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ | ০ | ১৪৮,৭৬,৪৯ | ১৪৮,৭৬,৪৯ |

| মঞ্জুরি নং | কার্য ও উদ্দেশ্যসমূহ | অনধিক টাকা | | |
|---|---|---|---|---|
| | হিসাবের প্রধান খাতসমূহ | সংযুক্ত তহবিলের উপর দায় | সংসদ কর্তৃক ভোটে গৃহীত | মোট |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
| ৪০ | কৃষি মন্ত্রণালয় | ০ | ৮১৫৭,৭৫,৭৮ | ৮১৫৭,৭৫,৭৮ |
| ৪২ | পরিবেশ বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয় | ০ | ৪৩১,৭৫,৫৮ | ৪৩১,৭৫,৫৮ |
| ৪৪ | পানি সম্পদ মন্ত্রণালয় | ০ | ৪৩৬০,১১,১৯ | ৪৩৬০,১১,১৯ |
| ৪৬ | দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয় | ০ | ৪৭০,৯১,১০ | ৪৭০,৯১,১০ |
| ৫১ | ডাক ও টেলিযোগাযোগ বিভাগ | ০ | ২৪৮,০৩,২২ | ২৪৮,০৩,২২ |
| | **মোট মঞ্জুরি ও বরাদ্দের দাবি** | **৭১৭৩,৮৮,৯০** | **৩০৬৪৩,৫১,৬৭** | **৩৭৮১৭,৪০,৫৭** |

**কে, এম, আব্দুস সালাম**
সিনিয়র সচিব।

মোঃ তাজিম-উর-রহমান, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মোঃ নজরুল ইসলাম, উপপরিচালক (উপসচিব) বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও,
ঢাকা কর্তৃক প্রকাশিত। website: www.bgpress.gov.bd